

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৮৬

পর্ব-১৭: দণ্ডবিধি (کتاب الحدود)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

আরবী

وَعَنْهُ أَنَّهُ قَالَ: «مَنْ أَتَى بَهِيمَةً فَلَا حَدَّ عَلَيْهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَقَالَ التِّرْمِذِيُّ: عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ أَنَّهُ قَالَ: وَهَذَا أَصَحُّ مِنَ الْحَدِيثِ الْأَوَّلِ وَهُوَ: «مَنْ أَتَى بَهِيمَةً فَاقْتُلُوهُ» وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعلم

বাংলা

৩৫৮৬-[৩২] উক্ত রাবী [ইবনু 'আব্বাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি কোনো জন্তু-জানোয়ারের সাথে যিনা করে, তার ওপর (শার'ঈ) কোনো দণ্ড নেই। (তিরমিয়ী ও আবু দাউদ)[1]

ইমাম তিরমিয়ী (রহঃ) সুফ্ইয়ান সাওরী (রহঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেন, এ হাদীসটি পূর্বে বর্ণিত (যে জানোয়ারের সঙ্গে সঙ্গম করে তাকে তোমরা হত্যা কর) হাদীস হতে অধিক সহীহ। এ হাদীসের উপর 'উলামায়ে কিরামের 'আমল রয়েছে।

ফুটনোট

[1] হাসান : তিরমিযী ১৪৫৫, আবু দাউদ ৪৪৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মালিক এবং শাফি'ঈ (রহঃ)-এর দু'মত এবং আবৃ হানীফাহ্ ও আহমাদ (রহঃ)-এর মতে তাকে তিরস্কার করা হবে হত্যা করা হবে না।

আর ইসহক বলেনঃ নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও এমনটি করে তাহলে হত্যা করা হবে। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৪৫৫)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন